| শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি |
|---|

# জীবননগর উপজেলা পরিষদের আগস্ট-২০২০খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ হাফিজুর রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
তারিখ ঃ ১৩-০৮-২০২০খ্রিঃ, সময় ঃ বেলা- ১০:৩০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভা নং ঃ ০২/২০২০-২১ অর্থবছর।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট - ক

সভার শুরুতে সভাপতি জনাব মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ আয়েশা সুলতানা এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আঃ সালাম সভায় উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভা শুরু হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এস. এম. মুনিম লিংকন, উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

ঃ সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | গত জুলাই-২০২০খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ০২ | উপজেলা আইন-শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ অফিসার ইনচার্জ, জীবননগর থানা বলেন যে, মুজিববর্ষে পুলিশ হবে জনতার। সেই শ্লোগানকে সামনে রেখে আমরা জনগণকে সাথে নিয়ে কাজ করে যাব। আমাদের উপজেলায় আইন শৃংখলা পরিস্থিতি ভালো। আল্লাহপাকের অশেষ রহমতে আমরা কেউ করোনা ভাইরাসে আক্রান্ত হয়নি। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সবাইকে সচেতন হতে হবে ও সামাজিক দুরুত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। বাড়ির বাহিরে আসলে অবশ্যই মাস্ক পরিধান করিতে হবে। আপনি সুস্থ থাকুন ও অপরকে সুস্থ থাকার জন্য সচেতন করুন। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, জীবননগর থানা। |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বলেন যে, গত ০৪-০৩-২০২০খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে - করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় নিজেদের মধ্যে সচেতনতা থাকতে হবে। সামাজিক দুরুত্ব মেনে চলতে হবে। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। বার বার হাত ধৌত করা। গরম পানি খাওয়া। গরম ভাভ নিব। যদি সর্দি কাশি হয় তাহলে আমার কাছে ফোনে যোগাযোগ করলে আমি যতদুর সম্ভব চিকিৎসা দেব। আমরা সব সময় ঘরে থাকবো। এখন ঘরে থেকে বেশি মানুষ ভালো হচ্ছে। যদি টেস্ট করা যায় তাহলে আক্রান্তের হার বেশী পাওয়া যাবে। সে তুলনায় মৃত্যুর হার কমে আসছে। আমাদের শরীরে একটি প্রতিরোধ ক্ষমতা চলে আসছে। আমরা বাসায় বসেই নিজের চিকিৎসা নিজে করবো। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাবো। যতটা সম্ভব বাহিরে কম যাব এবং বাহিরে গেলে অবশ্যই মুখে মাস্ক দিয়ে বের হবো। | করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবেলায় সকলকে সচেতন ও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</u> ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। গত ০৪-০৩-২০২০খ্রিঃ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে আমাদের কার্যক্রম স্থবির হয়ে পড়েছিল। জুন, জুলাই থেকে আমাদের কার্যক্রম নিয়মিত ভাবে চলছে। আমাদের পারফরম্যান্স জেলার মধ্যে ভাল। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বলা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ০৫ | <u>উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>উপজেলা কৃষি অফিসার বলেন যে, গত ০৫-০৩-২০২০খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, আমাদের কৃষি মেলা করার কথা ছিল কিন্তু করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে মেলা করা সম্ভব হয়নি। মাসকলায় এর প্রণদনা দেওয়া হবে। আমরা এরিয়া অনুযায়ী মাসকলাই এর বিভাজন করে দেব। ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের দিতে হবে। কৃষকদের কৃষক কার্ড থাকতে হবে। কৃষকদের ঋণ দেওয়া হবে। যা জমি থাকতে হবে ১ একর এবং স্প্রে মেশিন বরাদ্দের জন্য উপজেলা পরিষদ বরাবর আবেদন জানাচ্ছি। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে এবং প্রকৃত কৃষকরা যাতে মাসকলাই এর প্রণদনা ও কৃষি ঋণ পায় সে বিষয়ে উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। উক্ত স্প্রে মেশিন এর বিষয়ে চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০৬ | <u>উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>মৎস্য বিভাগীয় ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, গত ১১-০৩-২০২০খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে তিনি আরও বলেন যে, কেডিকে ইউনিয়নের কাশিপুর গ্রামের ভৈরব নদীতে একটি অভায়শ্রম স্থাপন করা গেলে দেশীয় প্রজাতী মাছের বংশ রক্ষা সহ উৎপাদন বৃদ্ধি পাবে। এমতাবস্থায় ভৈরব নদীতে একটি অভয়াশ্রম স্থাপন করা প্রয়োজন এবং মারুফদাহ বাঁওড়ে যে অভায়শ্রমটি আছে সেটি সংস্কার করা প্রয়োজন। উক্ত অভায়শ্রমে বরাদ্দের জন্য উপজেলা পরিষদ বরাবর আবেদন জানাচ্ছি। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে এবং উক্ত অভায়শ্রম স্থাপনের বিষয়ে চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ০৭ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ</u> ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার (ভারপ্রাপ্ত) বলেন যে, গত ১১-০৩-২০২০খ্রিঃ তারিখে উপজেলা মৎস্য ও প্রাণী সম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন যে, প্রতি ইউনিয়নে সম্ভাব্য ৫০০ গরুর কৃমিনাশক বিতরণ করা প্রয়োজন ও প্রতি ইউনিয়নে ৫০০ গরুর ক্ষুরা রোগের টিকা প্রয়োগ করা প্রয়োজন। প্রাণিসম্পদ দপ্তরের নিজস্ব এমন প্রকল্প না থাকায় এডিপি তহবিল হইতে বরাদ্দ প্রদান করিলে গবাদিপশু খামারীগণ বিশেষভাবে উপকৃত হবে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে এবং উক্ত প্রকল্প ০২টির বিষয়ে চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার (ভারপ্রাপ্ত) জীবননগর। |
| ০৮ | <u>যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>(ক) উপজেলা প্রকৌশলী বলেন যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২০-২১খ্রিঃ অর্থবছরে এডিপি তহবিল হইতে এখনও পর্যন্ত বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ দিলে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল ও এডিপি তহবিল এর অর্থ হইতে আলোচনা সাপেক্ষে প্রকল্প গ্রহন করার প্রস্তাব রাখেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | (ক) উক্ত আলোচনান্তে এডিপি তহবিল হইতে বরাদ্দ পাওয়া মাত্রই প্রকল্প গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | (খ) জীবননগর উপজেলার জনগুরুত্বপূর্ণ ০৮টি ইউনিয়ন- উথলী, আন্দুলবাড়ীয়া, সীমান্ত, বাঁকা, হাসাদাহ, রায়পুর, মনোহরপুর ও কেডিকে ইউনিয়নের বিভিন্ন কাঁচা ও পাকা রাস্তায় গত ২০-০৫-২০২০খ্রিঃ তারিখে আম্পান নামক ঘূর্ণিঝড়ে এবং বর্ষা মৌসুমে ছোট বড় গর্ত সৃষ্টি হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ার উপক্রম সৃষ্টি হয়েছে। ইহাতে উক্ত রাস্তাগুলি দিয়ে স্কুল, কলেজ এর ছাত্র-ছাত্রী, হাট বাজার, বিভিন্ন গ্রামের মাঠ অভিমুখে রাস্তা এবং জীবননগর উপজেলা পরিষদে আসার জনসাধারণের যাতায়াতের চরম জনদূর্ভোগ সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় যোগাযোগ ব্যবস্থা সচল রাখতে জনস্বার্থে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হইতে ব্যাট্স দিয়ে জরুরী ভিত্তিতে রাস্তাগুলি মেরামত করিয়া জনসাধারণের চলাচলেন জন্য ০১টি প্রকল্প অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। "উথলী, আন্দুলবাড়ীয়া, সীমান্ত, বাঁকা, হাসাদাহ, রায়পুর, মনোহরপুর ও কেডিকে ইউনিয়নের বিভিন্ন রাস্তায় ব্যাট্স দ্বারা মেরামত" প্রকল্পটি বাস্তবায়ন করা যাইতে পারে। | (খ) উক্ত প্রকল্পটি চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কিত কার্যক্রম ঃ<br>(ক) ২০১৯-২০ অর্থবছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর ৪০,০০,০০০.০০ (চল্লিশ লক্ষ) টাকার অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্পের প্রস্তাবনা আহবান করা হয়েছে। উক্ত প্রকল্পের বিষয়ে মাসিক সাধারণ সভায় অবহিত করেন এবং প্রকল্পের প্রস্তাবনা পাওয়া সাপেক্ষে যাচাই বাচাই করে আগামি মাসিক সাধারণ সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা করেন।<br>(খ) ২০১৮-১৯ অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে প্রাপ্ত Capacity Development বা সক্ষমতা উন্নয়ন বাবদ ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকার বিপরীতে ০৬টি উপ-প্রকল্প (প্রশিক্ষণ) ইউজিডিপি অনুমোদন দিয়েছেন। ইতোমধ্যে ০৫টি উপ-প্রকল্পের প্রশিক্ষন সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। এজন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর উক্ত দপ্তরগুলিকে ধন্যবাদ জানান এবং শেষ ০১টি উপ-প্রকল্পের প্রশিক্ষন করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে বন্ধ আছে। যা শিক্ষা প্রতিষ্ঠান খোলা মাত্রই উক্ত উপ-প্রকল্পের প্রশিক্ষনটি বাস্তবায়ন করে Completion Report ও Financial Roport প্রস্তুত করে জমা দেওয়া হবে। | (ক) উক্ত আলোচনান্তে প্রকল্পগুলি যাচাই বাছাই করে পরবর্তী মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো<br>(খ) উক্ত সক্ষমতা উন্নয়নের ০৫টি উপ-প্রকল্প সঠিক ও সুষ্ঠু ভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট দপ্তর সমুহকে ধন্যবাদ জানানো হয় ও বাকি ০১টি উপ-প্রকল্প শিক্ষা প্রতিষ্ঠান খোলা মাত্রই দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য বলা হলো। | উপজেলা প্রকৌশলী, সংশ্লিষ্ট প্রকল্পের সভাপতি, দপ্তর সমুহ এবং ইউডিএফ। |
| ১০ | উপজেলা সমাজ কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত জীবননগর উপজেলায় ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া দোরারোগ্য ব্যাধিতে যারা আক্রান্ত তারা উপজেলা সমাজসেবা কার্যালয়ে যোগাযোগ করে আর্থিক অনুদান পাওয়ার আবেদন পত্র সংগ্রহ করে জমা দেওয়ার জন্য উপজেলা পরিষদের সকল সদস্যদেরকে অবগত করানো হলো। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে এবং উক্ত দোরারোগ্য ব্যাধিতে যারা আক্রান্ত তাদেরকে অতিসত্তর উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করানোর জন্য মেয়র, জীবননগর পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ১১ | উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| ১২ | <u>উপজেলা সাংস্কৃতিক বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা সমাজ সেবা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার। |
| ১৩ | <u>উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৭-০৭-২০২০খ্রিঃ তারিখে পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও বলেন যে, ২০১৯-২০খ্রিঃ অর্থ বছরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপনের লক্ষ্যে জীবননগর উপজেলায় ২০,৩২৫টি ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিনামূল্যে জনগণের মধ্যে চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর মহোদয়ের উপস্থিতিতে সুষ্ঠু ও সুন্দর ভাবে বিতরণ করা হয়। | উক্ত ২০,৩২৫টি ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা সুষ্ঠু ও সুন্দর ভাবে বিতরণ করায় ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগরকে ধন্যবাদ দেওয়া হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জীবননগর। |
| ১৪ | <u>উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, গত ০৭-০৭-২০১৯খ্রিঃ তারিখে মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রার্দুভাবে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় গত ১৫-০৬-২০২০খ্রিঃ তারিখ হইতে জীবননগর উপজেলার মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য প্রাথমিক ভাবে বাংলা, ইংরেজী, গনিত, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি এই ০৫টি বিষয়ের উপর ক্লাশ নেওয়া হচ্ছে। (সকাল ০৮ ঘটিকা হইতে সকাল ০৯ ঘটিকা পর্যন্ত) স্থানীয় ডিস ক্যাবলের মাধ্যমে পাঠদান চলছে। উক্ত পাঠদান কার্যক্রম আগামী ৩০-০৯-২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত প্রাথমিক ভাবে অব্যাহত থাকবে। উক্ত বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রার্দুভাবে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় ডিস ক্যাবলের মাধ্যমে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। |
| ১৫ | <u>উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৩-০৮-২০২০খ্রিঃ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়-<br><br>(ক) বিবেচ্য সময়ে সরকারি নির্দেশনা অনুযায়ী সকল (৭১টি) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকের বেতন ভাতা ও ঈদ-উল আজহার বোনাস বিল যথা নিয়মে পরিশোধ করা হয়েছে। ১৭-০৩-২০২০খ্রিঃ হতে প্রাথমিক বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। এ দীর্ঘছুটিতে শিশুদের পাঠদানের ধারাবাহিকতা রক্ষার জন্য "সংসদ বাংলাদেশ টেলিভিশনে"এ বিষয়ভিত্তিক পাঠদান কর্মসূচী "ঘরে বসে শিখি" ০৭-০৪-২০২০খ্রিঃ তারিখ হতে উল্লিখিত চ্যানেলে প্রচার করা হচ্ছে যা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবেই চলমান আছে।<br><br>(খ) চলমান করোনা ভাইরাসের প্রকোপ মোকাবেলায় বিদ্যালয়ের শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের মাধ্যমে তাদের অভিভাবকগণকে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এবিষয়ে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের ভুমিকার পাশাপাশি অভিভাবক ও এলাকাবাসীকে সতর্ক ও সচেতন করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ক) মুজিববর্ষ পালনের জন্য নির্দেশিত কার্যক্রম সমূহ সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন ও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে সুসম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। এধারা অব্যহত রাখার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।<br><br>(খ) করোনার প্রকোপ মোকাবেলায় অভিভাবক ও এলাকাবাসীকে সতর্ক ও সচেতন করতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ স্থানীয় জন-প্রতিনিধিগকে | উপজেলা শিক্ষা অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | (গ) বর্তমান করোনা পরিস্থিতিতে বিদ্যালয় বন্ধের মধ্যে শিশুদের পাঠদানের ধারাবাহিকতা রক্ষার জন্য "সংসদ বাংলাদেশ টেলিভিশনে"এ বিষয়ভিত্তিক পাঠদান কর্মসূচী "ঘরে বসে শিখি" গ্রহণ করা হয়েছে । কিন্তু সকল শিশু এ প্রোগ্রামের সুবিধা নিতে না পারায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিশুদের দূর শিক্ষণ পদ্ধতিতে অর্থাৎ বাংলাদেশ বেতারের এএম (ব্যান্ড-৬৯৩) ও এফএম (ব্যান্ড-১০৬) এবং ১৬টি কমিউনিটি রেডিও এর মাধ্যমে শ্রীঘ্রই সারা দেশে এক যোগে পাঠ সম্প্রচার শুরু হচ্ছে যা রেডিও এবং মোবাইল ফোনের রেডিও অপসনের মাধ্যমে উক্ত পাঠ সম্প্রচার অনুষ্ঠান শোনা যাবে। উল্লিখিত মাধ্যমে পাঠ সম্প্রচারের বিষয়টি শিক্ষার্থী ও অভিভাবকগণকে অবহিত করার জন্য শিক্ষকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তবে যেহেতু লক ডাউন চলমান তাই এবিষয়টি ব্যপক প্রচারের জন্য শিক্ষকগণের ভূমিকার পাশাপাশি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ জন-প্রতিনিধিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রয়োজনীয় প্রচারণার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।<br>(গ) শিক্ষার্থীদের পাঠদানের ধারাবাহিকতা রক্ষার্থে বাংলাদেশ বেতারের মাধ্যমে শ্রীঘ্রই শুরু হতে যাওয়া এএম (ব্যান্ড-৬৯৩) ও এফএম (ব্যান্ড-১০৬) এবং ১৬টি কমিউনিটি রেডিও এর মাধ্যমে প্রচারিতব্য বিষয়ভিত্তিক "ঘরে বসে শিখি" পাঠদান কর্মসূচী (যা রেডিও এবং মোবাইল ফোনের রেডিও অপসনের মাধ্যমে শোনা যাবে) ব্যপক প্রচারের জন্য বিদ্যালয়ের শিক্ষকগণের পাশাপাশি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ স্থানীয় জন-প্রতিনিধিগণকে ভূমিকা পালনে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো। | |
| ১৬ | <u>উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গত ০৮-০৬-২০২০ খ্রিঃ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়- গ্রামীন দরিদ্র জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য সমিতি/দল গঠন, পুঁজি গঠন, যৌতুক ও বাল্যবিবাহ রোধ, নারীর ক্ষমতায়ন, স্যানিটেশনে উদ্বুদ্ধ করা, সদস্যদের আয়বর্ধকমূলক কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান করা এবং প্রশিক্ষণ পরবর্তীতে ঋণ সহায়তা প্রদান করা। তিনি সভাকে জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৭৫ লক্ষ টাকা মে/২০২০ মাসে অগ্রগতি ০.৫১ লক্ষ টাকা। সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ২০.০০ লক্ষ টাকা। এ পর্যন্ত আদায় ১০.৯৮ লক্ষ টাকা। ঋণ বিতরণের বার্ষিক লক্ষমাত্রা ৩৩৩.০০ লক্ষ টাকা। এ পর্যন্ত বিতরণের পরিমান ১৯১.০৯ লক্ষ টাকা। ঋণ আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ২৯৩.০০ লক্ষ টাকা। আদায়ের পরিমান ১৯১.৫৬ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৬৫% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮৫%। অত্র দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পের মোট খেলাপী ঋণের পরিমান ৯৪.৬৫ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ১৭ | <u>উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি ২০১৯-২০খ্রিঃ অর্থবছরে শেয়ার আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ০.৭২ লক্ষ টাকা। মে-২০২০খ্রিঃ মাসে অগ্রগতি ০.৫১ লক্ষ | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে | উপজেলা প্রকল্প কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | টাকা। সঞ্চয় আদায়ের বার্ষিক লক্ষমাত্রা ৩.২৮ লক্ষ টাকা। এ পর্যন্ত আদায় ১.৬৬ লক্ষ টাকা। ঋণ বিতরণের লক্ষমাত্রা ১৪০.৪৭ লক্ষ টাকা। এ পর্যন্ত বিতরণের পরিমান ৭০.৬৬ লক্ষ টাকা। বছরে ঋণ আদায়ের লক্ষমাত্রা ১৪২.৩৪ লক্ষ টাকা। আদায়ের পরিমান ৮৪.৫২ লক্ষ টাকা। বার্ষিক আদায়ের হার ৫৯% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৫%। বর্তমানে খেলাপী ঋণের পরিমান ৩৩.৩৫ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | অনুরোধ করা হলো। | |
| ১৮ | <u>উপজেলা সমবায় বিষয়ক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ<br>উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মনোহরপুর আশ্রায়ন প্রকল্পে উপকারভোগীদের নিকট পাওনা ঋণের পরিমান ১৪,৮২,৮৪০/- টাকা। এ পর্যন্ত ঋণ আদায়ের পরিমান ৮,৫৬,৩৫২/- টাকা। ঋণ আদায়ের হার ৫৯%। উল্লেখ্য ঋণ গ্রহণ পূর্বক ব্যারাক ত্যাগকারী সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ৪,৪৪,১২৩/- টাকা এবং মৃত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমান ২৬,২৮২/- টাকা। ব্যারাকে অবস্থানকারী সদস্যরা নিয়মিত ঋণের কিস্তি পরিশোধ করছে। ঋণ আদায়ের অগ্রগতি পূর্বের তুলনাই মোটামুটি সন্তোষজনক। তিনি আরও বলেন যে, আমাদের অফিসের কার্যক্রম ই-নথিতে চলছে। ই-নথিতে খুলনা বিভগের ৬০টি উপজেলার ভিতরে আমাদের অফিস ১৮ নাম্বারে। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো ও অফিসের কার্যক্রম ই-নথিতে পরিচালনা করায় উপজেলা সমবায় অফিসারকে বিশেষভাবে ধন্যবাদ দেওয়া হয় এবং এধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৯ | <u>আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> ঃ<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আমার বাড়ি আমার খামার প্রকল্পে ২০১৯-২০খ্রিঃ অর্থ বছরে দলগঠনের লক্ষমাত্রা ৩৩ টি মে-২০২০খ্রিঃ পর্যন্ত অগ্রগতি ২৯টি ক্রমপুঞ্জিত ১১৩টি, সদস্য ভর্তির লক্ষমাত্রা ১৯৮০ জন অগ্রগতি ৮৬০ জন, সঞ্চয় জমার লক্ষমাত্রা ৫৫.০০ লক্ষ টাকা। অগ্রগতি হয়েছে ২৩.০৫ লক্ষ ক্রমপুঞ্জিত ৯৫.২৯ লক্ষ টাকা। কর্জ বিতরণের লক্ষমাত্রা ১৫০.০০ লক্ষ টাকা। অর্জন হয়েছে ১৩১.০০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত অর্জন ৪০১.৫০ লক্ষ টাকা। কর্জ আদায়ের লক্ষমাত্রা ১৫০.০০ লক্ষ টাকা। আদায় হয়েছে ১০১.০৫ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত আদায় ১৫৭.৬৭ লক্ষ টাকা। তিনি সভায় খেলাপী ঋণ আদায়ে উপজেলা প্রশাসনের সহযোগীতা কামনা করেন। | উক্ত খেলাপী ঋণ আদায়ের বিষয়ে বিধিগত পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প-কে অনুরোধ করা হলো। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প। |
| ২০ | <u>উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রমঃ</u> উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা বলেন যে, গত ১০-০২-২০২০খ্রিঃ তারিখে বাজার মূল্য পর্যবেক্ষণ, পরিদর্শন ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা। |
| ২১ | <u>উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম</u> ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। গত ০৯-০৮-২০২০খ্রিঃ তারিখে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় সুপারিশকৃত নিম্নরূপ বিষয়গুলির উপর সভায় পুনরায় পর্যালোচনা করা হয়-<br>(ক) ২০২০-২০২১ অর্থবছরে জীবননগর উপজেলার বেকার যুবক ও যুব নারীদের মধ্য হতে আগ্রহীদের মোট ৪০০ জনকে (গবাদিপশু পালন, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, গরু মোটাতাজাকরণ, সেলাই/দর্জি প্রশিক্ষণ) বিষয়ে অপ্রতিষ্ঠানিক ট্রেনিং দেওয়া হবে। যা প্রতি ব্যাচে ২৫ | (ক) উক্ত আলোচনান্তে প্রকৃত বেকার যুবক ও যুব নারীদের ট্রেনিং এর আওতায় নেওয়া এবং যুবরা যাতে "বঙ্গবন্ধু যুবঋণ" গ্রহন করে আত্নকর্মী হতে পারে সে বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | জন করে ১৬ ব্যাচে ট্রেনিং সম্পন্ন করতে হবে। তিনি আরও জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা "বঙ্গবন্ধু যুবঋণ" কর্মসূচি থেকে অধিক হারে ঋণ গ্রহন করে আত্মকর্মী হতে পারে। সেজন্য কর্মসংস্থান ব্যাংকের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখছি এবং যুবদের এবিষয়ে বিভিন্ন পরামর্শ দেওয়া হচ্ছে।<br>**(খ) আগামী ১৫ আগষ্ট** ২০২০খ্রিঃ স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের **সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এর ৪৫ তম **শাহাদৎ বার্ষিকী** ও জাতীয় শোক দিবস উপলক্ষে উপজেলা যুব উন্নয়ন **কর্মকর্তার** কার্যালয় হতে প্রশিক্ষন প্রাপ্ত ০৮ জন বেকার যুব পুরুষ ও যুব **নারীদের** মাঝে ৫০,০০০x৮= ৪,০০,০০০/= (চার লক্ষ) টাকা যুব ঋণ এর চেক বিতরণ করা হবে। | (খ) উক্ত যুব ঋণ এর চেক বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | |
| ২২ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, গত ০৫-০২-২০২০খ্রিঃ তারিখে মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন যে, আমাদের অফিস রুম-সহ মেয়েদের প্রশিক্ষণ রুমের সংকট থাকায় প্রশিক্ষণ পরিচালনা-সহ অফিসের কাজ করা সম্ভব হচ্ছে না। সে কারনে আমাদের ০৬টি রুমের প্রয়োজন। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে এবং অফিসের রুমের বিষয়ে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ২৩ | অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা। |
| ২৪ | উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কিত কার্যক্রম ঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন যে, গত ২০-০১-২০২০খ্রিঃ তারিখে জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে উক্ত স্থায়ী কমিটির সভা অনুষ্ঠান করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জীবননগর। |
| ২৫ | উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে উপজেলা সাব-রেজিস্ট্রার অফিসারকে বলা হলো। | উপজেলা সাব-রেজিস্ট্রার, জীবননগর। |
| ২৬ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। আমাদের করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। করোনা ভাইরাস নির্মূল হলে প্রশিক্ষণ কার্যক্রম স্বাভাবিক ভাবে চলবে। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে বলা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জীবননগর। |
| ২৭ | উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, জীবননগর বলেন যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাব মোকাবিলায় অর্থনৈতিক পুনরুদ্ধারে সরকার কর্তৃক ঘোষিত জীবননগর উপজেলার ১টি পৌরসভা ও ০৮টি ইউনিয়নের বিভিন্ন গ্রামে সুবিধাভোগী পরিবারের মধ্যে প্রণোদনা প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হয়। যেমন ত্রাণকার্য চাল, নগদ টাকা ও শিশু খাদ্য-সহ মানবিক সহায়তা ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা করে দেওয়া হয়। | করোনা ভাইরাস (কোভিড-১৯) সময়ে সঠিক ভাবে ত্রাণকার্য পরিচালনা করায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে ধন্যবাদ দেওয়া হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| ২৮ | উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে উপজেলা নির্বাচন অফিসারকে বলা হলো। | উপজেলা নির্বাচন অফিসার, জীবননগর। |
| ২৯ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগরকে বলা হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, জীবননগর। |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে উপজেলা পরিসংখ্যান অফিসারকে বলা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, জীবননগর। |
| ৩১ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। তিনি আরও বলেন যে, করোনা রোগি মারা গেলে তাদের দাফনের জন্য আমাদের ইসলামিক ফাউন্ডেশন থেকে ব্যবস্থা করা হয়েছে। এ পর্যন্ত দুই জনের দাফন সম্পন্ন করা হয়েছে। আগামী ১৬আগস্ট জীবননগর উপজেলার সকল মসজিদ গুলিতে ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে কোরআন খতম দেওয়া হবে। নামাজের সময় অবশ্যই মসজিদে প্রবেশ করার আগে মুখে মাস্ক দেওয়ার জন্য সবাইকে অনুরোধ করেন। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে বলা হলো এবং করোনা রোগিদের দাফনের বিষয়ে ব্যবস্থা গ্রহন করায় ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশনকে ধন্যবাদ দেওয়া হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, জীবননগর। |
| ৩২ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে জানান। আমাদের করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারনে ফিল্ড কার্যক্রম ও উঠান বৈঠক বন্ধ আছে। করোনা ভাইরাস নির্মুল হলে আমাদের কার্যক্রম শুরু হবে। | উক্ত দাপ্তরিক কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় সে বিষয়ে উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে বলা হলো। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা পরিষদ, জীবননগর। |
| ৩৩ | <u>ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও ওয়েব পোর্টাল</u> ঃ<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে, জীবননগর উপজেলার সকল সরকারি অফিস, ইউনিয়ন ও উপজেলা ওয়েবপোর্টাল নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকল তথ্য হালনাগাদ করতে উপজেলার সকল কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান ও ইউডিসি উদ্যোক্তাদের অনুরোধ করা হয়। নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য আপলোড করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিতভাবে পরিদর্শন করে ল্যাবে ট্রেনিং এর প্রতিবেদন নেওয়া হচ্ছে। এমএমসি-তে রেজিস্ট্রেশনভূক্ত প্রায় সকল শিক্ষা প্রতিষ্ঠান যাহাতে মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাশ পরিচালনার সাথে সাথে রিপোর্ট আপলোড করতে পারে সে বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় মাঠ পর্যায়ে সামাজিক দুরত্ব বজায় রেখে কর্মকর্তাগণের (উপজেলা পর্যায়) ০২ (দুই) দিন ব্যাপী ই-নথি বিষয়ক প্রশিক্ষণ আগামী ১৭ আগস্ট ২০২০খ্রিঃ ও ১৮ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম যথাযথ পরিচালনা করতে হবে। ১০০% ওয়েব পোর্টালের কাজ সম্পন্নসহ নিয়মিত আপডেট করতে হবে এবং এমএমসি-তে শতভাগ রিপোর্ট আপলোড করতে হবে এবং ০২ (দুই) দিন ব্যাপী ই-নথি বিষয়ক প্রশিক্ষণটি গ্রহন করে ই-নথিতে কার্য পরিচালনার জন্য সংশ্লিষ্ট দপ্তর সমূহকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা পরিষদ, জীবননগর। |

| | | | |
|---|---|---|---|
| | আগস্ট ২০২০খ্রিঃ তারিখ সকাল- ৯.০০ ঘটিকা হইতে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে আয়োজন করা হয়েছে। | | |
| ৩৪ | জনাব মোঃ আঃ সালাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর বলেন যে - জীবননগর উপজেলার অনেক জায়গায় বাড়ীর প্রাচীর দেওয়ার সময় রাস্তার এজিং এর উপর প্রাচীর দিচ্ছে এবং সিড়ি তুলে দিচ্ছে। এগুলি যদি আমরা রোধ করতে না পারি তাহলে আমাদের রাস্তা দিন দিন ছোট হয়ে যাবে। এবিষয়ে জীবননগর উপজেলার প্রতিটি ইউনিয়নে যদি মাইকিং করে প্রচার করা হয় তাহলে সবাই এ বিষয়ে সচেতন হবে। বিষয়টি নিয়ে সভায় রিস্তারিত আলাচনা হয়। | উপজেলার সকল ইউনিয়নের জনগনের মাঝে উক্ত বিষয়ে মাইকিং করে প্রচার করে সচেতন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের বিশেষ ভাবে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ। |
| ৩৫ | চেয়ারম্যান, মনোহরপুর ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আমাদের মনোহরপুর ইউনিয়নের ০২টি কমিউনিটি ক্লিনিক আছে। ০১টি মনোহরপুর ও ০১টি ধোপাখালিতে। সরকারী বিধি অনুযায়ী ছয় হাজার এর বেশী জনগণ হলে কমিউনিটি ক্লিনিক হবে। কিন্তু মনোহরপুর ইউনিয়নে বাইশ হাজার জনগণ। ৩,৪,৫ নং ওয়ার্ডের মাঝামাঝি ০১টি ও ৭,৮,৯ নং ওয়ার্ডের মাঝামাঝি ০১টি এই ০২টি জায়গায় যদি কমিউনিটি ক্লিনিক করা যায় তাহলে অনেক জনগণ এই সেবাগুলি পাবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কমিউনিটি ক্লিনিক স্থাপনের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সরোজমিনে পরিদর্শন করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার। |
| ৩৬ | চেয়ারম্যান, আন্দুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, আন্দুলবাড়ীয়া ইউনিয়নের অনেক রাস্তা এখন কাঁচা আছে যা হেরিং/ফ্লাট সোলিং করা জরুরী হয়ে পড়েছে। বর্ষা মৌসুমে পাকা রাস্তাগুলি ছোট বড় গর্ত সৃষ্টি হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ার উপক্রম সৃষ্টি হয়েছে। ইহাতে জনসাধারণের যাতায়াতের চরম জনদূর্ভোগ সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় যোগাযোগ ব্যবস্থা সচল রাখতে জনস্বার্থে মেরামতযোগ্য রাস্তাগুলি ব্যাটস দিয়ে মেরামত করা প্রয়োজন। | উক্ত কাঁচা রাস্তা পাকা করন এবং রাস্তাগুলি ব্যাটস দিয়ে মেরামতের বিষয়ে চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |
| ৩৭ | চেয়ারম্যান, কেডিকে ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, কাশিপুর হালদার পাড়া রাস্তাটি চলাচলের অনুপযোগি হয়ে পড়েছে রাস্তা ভেঙ্গে নদীর ভিতর চলে যাচ্ছে জরুরী ভিত্তিতে রাস্তার পাশে গাইড ওয়াল দিয়ে রাস্তাটি চলাচলের উপযোগি করে তুলতে হবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উক্ত রাস্তাটির বিষয়ে চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |
| ৩৮ | জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) বাঁকা ইউনিয়ন পরিষদ, জীবননগর বলেন যে, গত ২০-০৫-২০২০খ্রিঃ তারিখে আম্পান নামক ঘূণিঝড়ে এবং বর্ষা মৌসুমে বাঁকা ইউনিয়নের বিভিন্ন গ্রামের রাস্তায় ছোট বড় গর্ত সৃষ্টি হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ার উপক্রম সৃষ্টি হয়েছে। ইহাতে উক্ত রাস্তাগুলি দিয়ে জনসাধারণের যাতায়াতের চরম জনদূর্ভোগ সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় যোগাযোগ ব্যবস্থা সচল রাখতে জনস্বার্থে জরুরী ভিত্তিতে রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। আমি ইউনিয়ন পরিষদে এক মাস দায়িত্ব পালন করছি। আমি সবাইকে সাথে নিয়ে এবং সকলের সহযোগিতায় কাজ করতে চাই। আমি সকলের সহযোগিতা কামনা করছি। | উক্ত রাস্তাগুলি মেরামতের বিষয়ে চলতি অর্থবছরে প্রকল্প গ্রহনের সময় আলোচনা সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে। | উপজেলা প্রকৌশলী, জীবননগর। |
| ৩৯ | গত ২৯-০৭-২০২০খ্রিঃ তারিখে জীবননগর উপজেলা পরিষদের অনুকূলে হ্যালিপ্যাডে অবস্থিত মাছ চাষের উপযোগী ০১টি পুকুরের অনুকূলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত ছিল। ১৪২৭ বঙ্গাব্দে হ্যালিপ্যাডের পুকুরটির অনুকুলে কাঙ্খিত মূল্য পাওয়া গিয়েছে বিধায় সর্বোচ্চ দরদাতা জনাব মো: খোকন মিয়া, পিতা- মৃত: মকছেদ আলী | উক্ত আলোচনান্তে সর্বোচ্চ দরদাতা জনাব মো: খোকন মিয়া, পিতা- মৃত: মকছেদ আলী ব্যাপারী, সাং- ইসলামপুর, উপজেলা- | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী |

| | | | |
|---|---|---|---|
| | ব্যাপারী, সাং- ইসলামপুর, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গার অনুকূলে আগামী ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের বিষয়ে আলোচনা হয়।. | জীবননগর, জেলা- চুয়াডাঙ্গার অনুকূলে আগামী ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| ৪০ | <u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হইতে ব্যয় সংক্রান্ত ঃ</u><br><br>(ক) উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, উপজেলা পরিষদ জীবননগর, চুয়াডাঙ্গা এর নিকট মেয়র, জীবননগর পৌরসভা কর্তৃক দাখিলকৃত হোল্ডিং ট্যাক্স, বাতিকর ও পরিষ্কার পরিচ্ছন্নতা কর বাবদ বকেয়া ২০১৯-২০২০ ও চলতি ২০২০-২০২১ অর্থবছরে হোল্ডিং ট্যাক্স- ১,৪৭,৫০০+১,৪৭,৫০০ =২,৯৫,০০০.০০ (দুই লক্ষ পঁচানব্বই হাজার) টাকা মাত্র, বাতি- ৬৩,২১৪+৬৩,২১৪=১,২৬,৪২৮.০০ (এক লক্ষ ছাব্বিশ হাজার চারশত আটাশ) টাকা মাত্র ও পরিষ্কার পরিচ্ছন্ন- ৮৪,২৮৬+৮৪,২৮৬= ১,৬৮,৫৭২.০০ (এক লক্ষ আটষট্টি হাজার পাঁচশত বাহাত্তর) টাকা মাত্র। ০২ অর্থবছরের ০৩টি বিলের সর্বমোট টাকার পরিমাণ ৫,৯০,০০০.০০ (পাঁচ লক্ষ নব্বই হাজার) টাকা মাত্র। সংশ্লিষ্ট পৌরসভার প্রাপ্ত বিলগুলির বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে পরিশোধের জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ক) উক্ত আলোচনান্তে বকেয়া ২০১৯-২০২০ ও চলতি ২০২০-২০২১ অর্থবছরে পৌরসভার দাখিলকৃত হোল্ডিং ট্যাক্স, বাতিকর ও পরিষ্কার পরিচ্ছন্নতা কর বাবদ ০২ অর্থবছরের ০৩টি বিলের সর্বমোট- ৫,৯০,০০০.০০ (পাঁচ লক্ষ নব্বই হাজার) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(চ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, জীবননগর, চুয়াডাঙ্গা। |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার, জীবননগর বলেন যে, মোছাঃ সুফিয়া খাতুন, স্বামী- মোঃ ইদবার আলী, সাং- উথলী, ওয়ার্ড নং- ০২, ডাকঘর- রাঙ্গিয়ারপোতা, ইউনিয়ন- উথলী, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গা। সে গত ০৪-০৮-২০২০খ্রিঃ তারিখে উথলী ঘোড়ামারা গেটপাড়ার নিকটে ট্রেনের লাইনের উপর দিয়ে ভ্যাড়া পার করার সময় পা স্লিপ কেটে পড়ে যায়। হঠাৎ সে সময় ঐলাইন দিয়ে ০১টি ট্রেন আসছিল। তৎক্ষণাত সে লাইনের উপরে ট্রেনে কেটে মারা যায়। তারা অত্যান্ত হত দরিদ্র একটি পরিবার। তার পরিবারে ০১টি ছেলে ও ০২টি মেয়ে আছে। তার স্বামী মোঃ ইদবার আলী, পিতা- গফুর আলী, সাং- উথলী, ওয়ার্ড নং- ০২, ডাকঘর- রাঙ্গিয়ারপোতা, ইউনিয়ন- উথলী, উপজেলা- জীবননগর, জেলা- চুয়াডাঙ্গা গত ০৯-০৮-২০২০খ্রিঃ তারিখে আর্থিক সাহায্যের জন্য উপজেলা পরিষদ, চেয়ারম্যান বরাবর আবেদন করেন। উক্ত বিষয়ে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য তাকে আর্থিক সাহায্য প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করেন। | (খ) উক্ত আলোচনান্তে পরিষদের সকল সদস্যের সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা- ২০২০, ৩(ঘ) অনুচ্ছেদ এর "অপ্রত্যাশিত" খাত হইতে মোঃ ইদবার আলী -কে ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (গ) উপজেলা প্রকৌশলী বলেন যে, জীবননগর উপজেলায় নবাগত সহকারী কমিশনার (ভূমি) যোগদান করেছেন। উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারে ১ঘ (তিস্তা) থাকার কথা বলেছেন। কোয়াটারের বিল্ডিং এর ভিতরে ও বাহিরের দেওয়াল থেকে রং ঝরে পড়ছে দ্রুত রং করা প্রয়োজন। উক্ত কাজের মালামাল-সহ অন্যান্য মালামাল ও মিস্ত্রি মুজুরি বাবদ- ২৪,৯১০.০০ (চব্বিশ হাজার নয়শত দশ) টাকা মাত্র ব্যয় | (গ) উক্ত কোয়াটারের দেওয়ালের রং সহ অন্যান্য মালামাল ক্রয় ও মিস্ত্রি মুজুরি বাবদ- ২৪,৯১০.০০ (চব্বিশ হাজার নয়শত দশ) টাকা মাত্র ও দরজা, | |

| | | | |
|---|---|---|---|
| | হবে এবং দরজা, জানালা ও গ্রিলে রং করা প্রয়োজন। উক্ত কাজের মালামাল-সহ অন্যান্য মালামাল ও মিস্ত্রি মুজুরি বাবদ- ২৪,৯৫০.০০ (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র ব্যয় হবে। এছাড়াও কোয়াটারের পানির লাইনের জরুরি কিছু টুকিটাকি কাজ করা প্রয়োজন। উক্ত কাজের মালামাল-সহ অন্যান্য মালামাল ও মিস্ত্রি মুজুরি বাবদ- ২৪,৯৩০.০০ (চব্বিশ হাজার নয়শত ত্রিশ) টাকা মাত্র ব্যয় হবে। উক্ত কাজগুলি দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | জানালা ও গ্রিলে রং সহ অন্যান্য মালামাল ক্রয় ও মিস্ত্রি মুজুরি বাবদ- ২৪,৯৫০.০০ (চব্বিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ক) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ /রংকরণ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পানির লাইনের মালামাল-সহ অন্যান্য মালামাল ক্রয় ও মিস্ত্রি মুজুরি বারদ- ২৪,৯৩০.০০ (চব্বিশ হাজার নয়শত ত্রিশ) টাকা মাত্র। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ট) অনুচ্ছেদ এর "পানির পাম্প রক্ষণাবেক্ষণ/ মেরামত" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (ঘ) উপজেলা প্রকৌশলী বলেন যে, জীবননগর উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন এবং হলরুমসহ পরিষদের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে নিরাপত্তার জন্য আই.পি-সি.সি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। সে মোতাবেক প্রাক্কলন প্রস্তুত পূর্বক সভায় উপস্থাপন করা হলো। উক্ত আই.পি সি.সি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন মর্মে মাসিক সাধারন সভায় আলোচনা করলে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করার জন্য সকল সদস্য সম্মতি জ্ঞাপন করেন। | (ঘ) উক্ত আলোচনান্তে আই.পি-সি.সি ক্যামেরা স্থাপনের জন্য ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উহা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(প) অনুচ্ছেদ এর "ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়" খাত হইতে জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | |
| | (ঙ) জুলাই-২০২০খ্রিঃ মাসে জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ভাতা ও বাড়ী ভাড়া, ভাইস চেয়ারম্যান এবং মহিলা | (ঙ-১) উক্ত আলোচনান্তে উপজেলা পরিষদ | |

| | |
|---|---|
| ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা - মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীগণের মজুরী - উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন - উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় এবং উপজেলা পরিষদের ইন্টারনেট বাবদ বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়ন হইতে ব্যয় করা হয়েছে -<br><br>(০১) জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের জুলাই-২০২০খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা মাত্র ও বাড়ী ভাড়া - ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই-২০২০খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর জুলাই-২০২০খ্রিঃ মাসের সম্মানী ভাতা - ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা মাত্র। | চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ভাতা ও বাড়ী ভাড়া, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী ভাতা বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ধ) অনুচ্ছেদ এর "উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০২) জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) মালি পদে নিয়োজিত কর্মচারীকে জুলাই-২০২০খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১১,৭০০/- (এগার হাজার সাতশত) টাকা মাত্র এবং জীবননগর উপজেলা পরিষদে খন্ডকালীন (দৈনিক মজুরী ভিত্তিতে) ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারীকে জুলাই-২০২০খ্রিঃ মাসের মজুরী বাবদ - ১১,৭০০/- (এগার হাজার সাতশত) টাকা মাত্র । | (০২) উক্ত মালি ও ঝাড়ুদার পদে নিয়োজিত কর্মচারী গণের মজুরী বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ত) অনুচ্ছেদ এর "মালি/ সুইপার নিয়োগ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৩) জুলাই-২০২০খ্রিঃ মাসের উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন ব্যয় বাবদ- ৩৭,৯৭০/- (সাইত্রিশ হাজার নয়শত সত্তর) টাকা মাত্র। | (০৩) উক্ত উপজেলা পরিষদের সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়াম্যানগণের সভাসহ অন্যান্য সভা, উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য সভা এবং ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) টি উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(জ) অনুচ্ছেদ এর "আপ্যায়ন ব্যয়" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| (০৪) জুলাই-২০২০খ্রিঃ মাসের উপজেলা পরিষদের অফিস সামগ্রী ও স্টেশনারি দ্রব্যাদিসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ- ৪,৯৮৫/- (চার হাজার | (০৪) উক্ত অফিস আনুষঙ্গিক বাবদ ব্যয়িত |

| | | | |
|---|---|---|---|
| | নয়শত পঁচাশি) টাকা মাত্র। | অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঝ) অনুচ্ছেদ এর "আনুষঙ্গিক" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | (০৫) জুলাই-২০২০খ্রিঃ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিলের ব্যয় বাবদ- ২,১০০/- (দুই হাজার একশত) টাকা মাত্র। | (০৫) উক্ত ইন্টারনেট বিল বাবদ ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০, ৩(ঢ) অনুচ্ছেদ এর "বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ" খাত হইতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় আলোচিত বিষয়ের চুম্বক অংশগুলির প্রতি পুনঃ আলোকপাত করেন। তিনি বলেন যে, সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। স্থায়ী কমিটিগুলির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/সদস্য-সচিবগণকে অনুরোধ জানান। জীবননগর উপজেলার জনগুরুত্বপূর্ণ ০৮টি ইউনিয়নের বিভিন্ন কাঁচা ও পাকা রাস্তায় গত ২০-০৫-২০২০খ্রিঃ তারিখে আম্পান নামক ঘূর্ণিঝড়ে এবং বর্ষা মৌসুমে ছোট বড় গর্ত সৃষ্টি হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হওয়ার উপক্রম সৃষ্টি হয়েছে। ইহাতে উক্ত রাস্তাগুলি দিয়ে স্কুল, কলেজ এর ছাত্র-ছাত্রী, হাট বাজার, বিভিন্ন গ্রামের মাঠ অভিমুখে রাস্তা এবং জীবননগর উপজেলা পরিষদে আসার জনসাধারণের যাতায়াতের চরম জনদূর্ভোগ সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায় যোগাযোগ ব্যবস্থা সচল রাখতে জনস্বার্থে রাস্তাগুলি ব্যাট্স দিয়ে মেরামত করে জনসাধারণের চলাচলেন ব্যবস্থার বিষয়ে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, বিশ্বব্যপী করোনা ভাইরাস (কোভিড-১৯) যে ভাবে প্রাদুর্ভাব দেখা দিয়েছে তাতে করে আমাদের উচিত হবে অবশ্যই মুখে মাস্ক ব্যবহার করা, নিয়মিত সাবান দিয়ে হাত-পা ধৌত করা, সামাজিক দুরুত্ব মেনে চলা। খুব প্রয়োজন না হলে বাসার বাইরে না যাওয়া। গরম পানি খাওয়া। ভিটামিন সি জাতীয় ফল বেশী করে খাওয়া। আর নিজেকে সুরক্ষিত রাখা। সরকারী ঘোষিত নিয়ম কানুন মেনে চলাসহ আতঙ্কিত না হওয়ার জন্য উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা বাসীর প্রতি আমার অনুরোধ রইল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ হাফিজুর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫২৭৭
uzcjibannagar@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা।

স্মারক নং ঃ ০৫.৪৪.১৮৫৫.০০০.০৬.০০১.২০২০-৯৪৪(৫০) তারিখ ঃ ১৮-০৮-২০২০খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা- ২ ।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৬। মেয়র, জীবননগর পৌরসভা, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
০৯। ০১ নং সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১০। চেয়ারম্যান ........................................... ইউনিয়ন পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
১১। উপজেলা .................................................. অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ।
১২। জনাব ............................................................ জীবননগর, চুয়াডাঙ্গা।

১৮/৮/২০

(এস. এম. মুনিম লিংকন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, জীবননগর, চুয়াডাঙ্গা।
☎ ০৭৬২৪-৭৫০০১
unojibannagar@mopa.gov.bd